

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২২৮৫

পর্ব-৯: দু'আ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - আল্লাহ সুবহানাহু ওয়াতা'আলার জিকির ও তাঁর নৈকট্য লাভ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ تَعَالَى يَقُولُ: أَنَا مَعَ عَبْدِي إِذَا ذَكَرَنِي وَتَحَرَّكَتْ بِي شَفَاتِهِ . رَوَاهُ الْبُخَارِيُّ

বাংলা

২২৮৫-[২৫] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা বলেন, আমার বান্দা যখন আমার জিকির করে আমার জন্যে তার দুই ঠোঁট নড়ে তখন আমি তার কাছে থাকি। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী : বুখারী সানাদবিহীন অবস্থায় لا تحرك به لسانك এ অধ্যায়ের অধীনে। ইবনু মাজাহ ৩৭৯২, আহমাদ ১০৯৬৮, ইবনু হিব্বান ৮১৫, সহীহ আত্ তারগীব ১৪৯০, সহীহ আল জামি' ১৯০৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّ اللَّهَ تَعَالَى يَقُولُ: أَنَا مَعَ عَبْدِي) অর্থাৎ- আল্লাহ তা'আলা বান্দার সাথে থাকেন যতক্ষণ বান্দা তার জিকির করেন। অর্থাৎ- তিনি তাকে সাহায্য সহযোগিতা করে থাকেন।

ইমাম ইবনুল কইয়িম (রহঃ) বলেন, এখানে একটি বিশেষ সহযোগিতার কথা বলা হয়েছে যাকে معية خاصة বা নির্দিষ্ট সহচর্য বলে। অপরদিকে আল্লাহ সুবহানাহু ওয়াতা'আলা সারা বিশ্ব তার নিয়ন্ত্রণের মাধ্যমে তিনি সকলের সাহায্য সহযোগিতা করে থাকেন যাকে معية عامة বা ব্যাপক সহচর্য বলা হয়।

প্রথম সাথে থাকা তথা معية خاصة এর কথা মহান আল্লাহ পবিত্র কুরআনে অনেকবার বলেছেন,

إِنَّ اللَّهَ مَعَ الَّذِينَ اتَّقَوْا -- وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ

অর্থাৎ- “যারা তাকওয়া অবলম্বন করে আর সৎকর্মশীল- তাদের সাথে আল্লাহ আছেন”- (সূরা আন নাহল ১৬ : ১২৮)। “আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন”- (সূরা আল বাকারাহ ২ : ২৪৯)।

মহান আল্লাহ আরো বলেন, **وَإِنَّ اللَّهَ لَمَعَ الْمُحْسِنِينَ**

“নিশ্চয়ই আল্লাহ সৎকর্মশীলদের সাথে আছেন।” (সূরা আল আনকাবূত ২৯ : ৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56845>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন